তারিখ ...01 DEC 1989..
পৃষ্ঠা... ২ ...কলাম... ১

দৈনিক সংবাদ

43

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ডিগ্রী শ্রেণীতেই ইংরেজী আবশ্যিক বিষয় করা হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩০শে নভেম্বর।— ডিগ্রী (পাস) শ্রেণীতে ইংরেজী বিষয়কে পুনরায় আবশ্যিক করা হচ্ছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী শিক্ষাবর্ষ থেকে এই সিদ্ধান্ত কার্যকর করবেন। ৪ বছর আগে ইংরেজীকে আবশ্যিক বিষয় থেকে বাতিল করা হয়েছিল।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি ডিগ্রী ক্লাসে ইংরেজী বিষয়ের আবশ্যিকতা পর্যালোচনাশেষে এই সিদ্ধান্ত নেন যে, আগামী বছর থেকে বাধ্যতা-

(৭-এর পাতায় দেখুন)

### ডিগ্রী শ্রেণীতে

(১ম পাতার পর)

মূলকভাবে ইংরেজী বিষয় শিক্ষার্থীদের নিতে হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৈঠকে এ-ও খতিয়ে দেখা হয় যে, ইংরেজী বাতিল করায় পরবর্তী বছরগুলোতে পরীক্ষায় পাসের হার বেড়ে গেছে। এর আগে অধিকাংশ শিক্ষার্থীই সবচেয়ে বেশী ইংরেজীতেই অকৃতকার্য হত। '৮৫ সালে বি,এ ক্লাসে ইংরেজীকে আবশ্যিক থেকে অতিরিক্ত বিষয় হিসেবে বহাল রাখা হয়। পর্যালোচনায় আরো বলা হয়, ইংরেজী বাতিলের পর শিক্ষার্থীদের জ্ঞানের ক্ষেত্র সঙ্কুচিত হয়ে পড়েছে, প্রতিযোগিতায়ও পিছিয়ে পড়ছে।

কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী আগামী বছর থেকে বি,এ (পাস) ক্লাসে ইংরেজী বিষয়ে তিনশ' নম্বরের পরীক্ষায় অংশ নিতে হবে। তবে বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে এই সিদ্ধান্ত প্রযোজ্য হবে না।